"সত্যের সন্ধানে অবিচল"

নোয়াখালী খবর এক্সপ্রেস

NOAKHALI KHABAR EXPRESS

Noakhali Khabar Express

নোয়াখালী

অনলাইন ই-পেপার | NOV রবিবার, ২২ নভেম্বর ২০২৬ | বর্ষ:০১,সংখ্যা :২০ | noakhalikhabarexpress.com



টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিসৌধ পরিচ্ছন্নতার কাজ, শেখ হাসিনার প্রত্যাবর্তন ঘিরে রাজনৈতিক আলোচনা

নিজস্ব প্রতিবেদক | নোয়াখালী খবর এক্সপ্রেস

গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধ কমপ্লেক্সে পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ শুরু হয়েছে। দীর্ঘদিন পর সমাধিসৌধ এলাকায় এমন তৎপরতা ঘিরে স্থানীয় ও রাজনৈতিক অঙ্গনে নতুন করে আলোচনা তৈরি হয়েছে।

শনিবার (২১ নভেম্বর) সকালে সমাধিসৌধ এলাকায় শতাধিক নারী-পুরুষ ও বিভিন্ন বয়সী মানুষকে পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজে অংশ নিতে দেখা যায়। প্রকাশিত সংবাদ অনুযায়ী, আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের উদ্যোগে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এতে শিশু-কিশোরদেরও অংশ নিতে দেখা গেছে।

প্রতিবেদনগুলোতে বলা হয়েছে, সমাধিসৌধের বিভিন্ন স্থানে দীর্ঘদিন ধরে ধুলাবালি, শ্যাওলা ও আগাছা জমেছিল। সেগুলো পরিষ্কার করে প্রাঙ্গণের পরিবেশ আগের অবস্থায় ফিরিয়ে আনার চেষ্টা চলছে।

এর আগে গত ১৬ নভেম্বর দীর্ঘ দুই বছরের বেশি সময় পর আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের স্থানীয় নেতাকর্মীরা সমাধিসৌধ কমপ্লেক্সে প্রবেশ করে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। এ সময় তাঁরা দলীয় সভাপতি ও ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনার শপথও নেন।

এদিকে শেখ হাসিনার সম্ভাব্য প্রত্যাবর্তন নিয়ে দেশের রাজনৈতিক অঙ্গনে আলোচনা ও উত্তেজনা অব্যাহত রয়েছে। তবে তাঁর দেশে ফেরার বিষয়ে এখন পর্যন্ত নির্দিষ্ট কোনো সময়সূচি বা চূড়ান্ত সিদ্ধান্তের তথ্য পাওয়া যায়নি।

টুঙ্গিপাড়ার সমাধিসৌধ এলাকায় পরিচ্ছন্নতা কার্যক্রম এবং সাম্প্রতিক রাজনৈতিক তৎপরতা নতুন করে আলোচনার জন্ম দিয়েছে। তবে পরিচ্ছন্নতার কাজটি কোনো আনুষ্ঠানিক সরকারি উদ্যোগ কি না, সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিশ্চিত বক্তব্য পাওয়া যায়নি।



২২ নভেম্বর দেশের বিভিন্ন বিভাগে বৃষ্টির সম্ভাবনা, সতর্ক থাকার পরামর্শ

রোববার (২২ নভেম্বর) দেশের বিভিন্ন বিভাগে বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী, দেশের কয়েকটি বিভাগে অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টিপাত হতে পারে।

এ ধরনের আবহাওয়ায় কৃষিকাজ, সড়ক যোগাযোগ এবং স্বাভাবিক জনজীবনে প্রভাব পড়ার আশঙ্কা রয়েছে।

বিশেষ করে কৃষকদের কাটা ধান ও অন্যান্য ফসল নিরাপদ স্থানে রাখার পরামর্শ দেওয়া হচ্ছে।

বজ্রপাতের সময় খোলা মাঠ, নদী ও জলাশয়ের কাছাকাছি অবস্থান না করা এবং নিরাপদ আশ্রয়ে থাকার বিষয়ে সতর্ক করা হয়েছে।

আবহাওয়ার পরিবর্তন সম্পর্কে নিয়মিত হালনাগাদ তথ্য জানতে আবহাওয়া অধিদপ্তরের বিজ্ঞপ্তি অনুসরণ



নড়াইলের কালিয়ায় দুই নেতা হত্যার পর উত্তেজনা, বহু বাড়ি ও স্থাপনায় হামলা -আগুন

নিজস্ব প্রতিবেদক | নোয়াখালী খবর এক্সপ্রেস

নড়াইলের কালিয়া উপজেলায় দুই বিএনপি নেতার হত্যাকাণ্ডকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতির মধ্যে সাবেক সংসদ সদস্য ও সাবেক পৌর মেয়রসহ স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীদের বাড়িঘর ও ব্যবসাপ্রতিষ্ঠানে হামলা, ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে।

শুক্রবার (২০ নভেম্বর) বিকেল থেকে রাত পর্যন্ত উপজেলার বেশ্যারচর এলাকায় এসব ঘটনা ঘটে। স্থানীয় বাসিন্দাদের দাবি, হামলার শিকার হয়েছে ৫০টির বেশি বাড়ি ও স্থাপনা। তবে প্রশাসন ও ফায়ার সার্ভিসের হিসাবে ক্ষতিগ্রস্ত বাড়ির সংখ্যা নিয়ে ভিন্ন তথ্য পাওয়া গেছে।

হামলার শিকার স্থাপনাগুলোর মধ্যে নড়াইল-১ আসনের সাবেক সংসদ সদস্য বি এম কবিরুল হক মুক্তি এবং কালিয়া পৌরসভার সাবেক মেয়র ফকির মুগণিকুর রহমান লিটনের বাড়িও রয়েছে।

দুই নেতার মৃত্যুর পর পরিস্থিতির অবনতি

স্থানীয় সূত্র ও বিভিন্ন সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, গত ১৮ নভেম্বর কালিয়ায় ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীদের একটি মোটরসাইকেল পোড়ানোর ঘটনা ঘটে।

এতে কালিয়া পৌর কৃষকদলের নেতা পাইদুর মোল্লা এবং উপজেলা জামায়াতের সাবেক সম্পাদক সোহেল মোল্লা গুরুতর আহত হন। পরে চিকিৎসার জন্য খুলনায় নেওয়ার পথে ও হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁদের মৃত্যু হয়।

এ ঘটনার পর এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। নিহত দুই নেতার মৃত্যুর প্রতিবাদ ও বিচারের দাবিতে স্থানীয়ভাবে ক্ষোভ তৈরি হয়।

সাবেক এমপি ও মেয়রের বাড়িতেও হামলা

শুক্রবার বিকেল থেকে বেশ্যারচর এলাকায় একদল লোক বিভিন্ন বাড়িঘর ও স্থাপনায় হামলা চালায় বলে স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন। হামলায় ভাঙচুর ও লুটপাটের পাশাপাশি কয়েকটি বাড়িতে আগুন দেওয়া হয়।

ক্ষতিগ্রস্ত স্থাপনাগুলোর মধ্যে সাবেক সংসদ সদস্য বি এম কবিরুল হক মুক্তি, সাবেক পৌর মেয়র ফকির মুগণিকুর রহমান লিটন এবং স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীদের বাড়িঘরের রয়েছে বলে বিভিন্ন প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

কালিয়া ফায়ার সার্ভিসের স্টেশন কর্মকর্তা হুমায়ুন কবিরের বরাত দিয়ে সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, সড়কে প্রতিবন্ধকতা ও নিরাপত্তাজনিত কারণে ফায়ার সার্ভিসের কর্মীরা ক্রত ঘটনাস্থলে পৌঁছাতে পারেননি। পরে রাতের দিকে ঘটনাস্থলে গিয়ে তাঁরা একাধিক বাড়িতে আগুন নেভাতে পান। ফায়ার সার্ভিসের হিসাবে প্রায় ২০ থেকে ৩০টি বাড়িতে আগুনের ঘটনা ঘটে।

অন্যদিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা জিয়াতুল ইসলাম জানিয়েছেন, ১৫ থেকে ২০টি বাড়িতে ভাঙচুর এবং কয়েকটি বাড়িতে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। ক্ষয়ক্ষতির প্রকৃত পরিমাণ নির্ধারণে তদন্ত প্রয়োজন।

পুলিশের বক্তব্য ও তদন্ত

নড়াইল জেলা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তদন্ত) মো. আবদুল্লাহ আল মামুন বলেন, হামলা ও অগ্নিসংযোগের ঘটনায় জড়িত ব্যক্তিদের শনাক্তে অভিযান চলছে। ইতোমধ্যে কয়েকজনকে আটক করা হয়েছে। তিনি বলেন, ঘটনার সঙ্গে জড়িত যে কাউকে আইনের আওতায় আনতে প্রশাসনের তদন্ত ও কার্যকর পদক্ষেপের দাবি জানিয়েছেন স্থানীয়রা।



সেনবাগে পুলিশের অভিযানে ইয়াবা ও গাঁজাসহ দুইজন গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক | নোয়াখালী খবর এক্সপ্রেস

নোয়াখালীর সেনবাগে মাদকবিরোধী বিশেষ অভিযান চালিয়ে দুইজনকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। এ সময় তাঁদের কাছ থেকে ১৫ পিস ইয়াবা ট্যাবলেট ও পাঁচ পুরিয়া গাঁজা উদ্ধারের কথা জানিয়েছে পুলিশ।

শনিবার (২১ নভেম্বর) সেনবাগ থানা পুলিশের বিশেষ অভিযানে জাহিদুল ইসলাম আকাশ (২৭) ও মো. জসিম (৩৭) নামে দুজনকে গ্রেপ্তার করা হয়।

সেনবাগ থানা পুলিশের প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, নোয়াখালীর পুলিশ সুপার এন এম নাসিরুদ্দিনের দিকনির্দেশনায় এবং সেনবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ শাহজাহান কামালের সার্বিক তত্ত্বাবধানে এ অভিযান পরিচালিত হয়।

অভিযানে নেতৃত্ব দেন সেনবাগ থানার উপপরিদর্শক (এসআই) মো. লতিবুর রহমান। তাঁর সঙ্গে পুলিশের একটি দল অভিযানে অংশ নেয়। এ সময় ১৫ পিস ইয়াবা ট্যাবলেট ও পাঁচ পুরিয়া গাঁজাসহ ওই দুজনকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ আরও জানায়, গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের আদালতে সোপর্দ করা হয়েছে।

মাদকবিরোধী অভিযান অব্যাহত রয়েছে বলে জানিয়েছে

যথাযথ মর্যাদায় সশস্ত্র বাহিনী দিবস উদযাপন, শহীদ সদস্যদের স্মরণ

যথাযথ মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে শনিবার (২১ নভেম্বর) দেশে সশস্ত্র বাহিনী দিবস উদযাপিত হয়েছে।

দিবসটি উপলক্ষে দেশের সব সেনানিবাস, নৌঘাঁটি, নৌস্থাপনা এবং বিমানঘাঁটিতে বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়।

সকালে ফজরের নামাজের পর দেশের কল্যাণ ও সমৃদ্ধি, সশস্ত্র বাহিনীর উন্নতি এবং মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী শহীদ সদস্যদের রুহের মাগফিরাত কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

মহান মুক্তিযুদ্ধে সশস্ত্র বাহিনীর সদস্যদের অবদান বাংলাদেশের ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাঁদের সাহসিকতা, আত্মত্যাগ ও দেশপ্রেমের স্মৃতিকে সম্মান জানাতেই প্রতিবছর দিবসটি পালন করা হয়।

দিবসটি উপলক্ষে বিভিন্ন গণমাধ্যমে বিশেষ অনুষ্ঠান প্রচার এবং সশস্ত্র বাহিনীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সশস্ত্র বাহিনীর ভূমিকা স্মরণ করে দিবসটি পালন করেন সংশ্লিষ্টরা।



নোয়াখালীর বিভিন্ন এলাকায় ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা অভিযান

নোয়াখালী প্রতিনিধি | NOAKHALI KHABAR EXPRESS

দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬-এর অংশ হিসেবে নোয়াখালীর বিভিন্ন উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ এলাকায় পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

শনিবার (২১ নভেম্বর ২০২৬) ডেঙ্গুর বিস্তার রোধ এবং জনসাধারণের মধ্যে সচেতনতা বাড়ানোর লক্ষ্যে এ কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

অভিযানের আওতায় বিভিন্ন উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের ওয়ার্ড, সড়ক, ড্রেন, নালা-নর্দমা, বাজার এবং জনসমাগমস্থলে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হয়।

এ সময় মশার সম্ভাব্য প্রজননস্থল চিহ্নিত করে বিশেষ পরিচ্ছন্নতা কার্যক্রম চালানো হয়। পাশাপাশি ড্রেন ও নালা-নর্দমা থেকে আবর্জনা অপসারণ এবং বিভিন্ন স্থানে জমে থাকা পানি পরিষ্কারের উদ্যোগ নেওয়া হয়।

পরিচ্ছন্নতা কার্যক্রমের পাশাপাশি ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বাড়াতেও বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়। স্থানীয় বাসিন্দা, ব্যবসায়ী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মধ্যে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়। এতে মশার বংশবিস্তার রোধ, বাড়ির আশপাশ পরিষ্কার রাখা এবং কোথাও পানি জমতে না দেওয়ার বিষয়ে সচেতন করা হয়।

ডেঙ্গু প্রতিরোধে শুধু সরকারি বা স্থানীয় প্রশাসনের উদ্যোগই যথেষ্ট নয়; প্রয়োজন সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণ। বাড়ির ছাদ, ফুলের টব, পরিত্যক্ত পাত্র, ডাবের খোসা ও অন্যান্য স্থানে জমে থাকা পানি এডিস মশার প্রজননক্ষেত্র হতে পারে। তাই নিয়মিত এসব স্থান পরিষ্কার রাখা জরুরি।

নোয়াখালীতে ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রমকে কার্যকর করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পাশাপাশি স্থানীয় জনগণকেও নিজ নিজ বাড়ি, কর্মস্থল ও আশপাশের পরিবেশ পরিচ্ছন্ন রাখার আহ্বান জানানো হচ্ছে।

"সত্যের সন্ধানে অবিচল"

নোয়াখালী খবর এক্সপ্রেস

NOAKHALI KHABAR EXPRESS

Noakhali Khabar Express

নোয়াখালী

অনলাইন ই-পেপার | NOV | রবিবার , ২২ নভেম্বর ২০২৬ | দ্বিতীয় পৃষ্ঠা | noakhalikhabarexpress.com



সুবর্ণচরে অবসরপ্রাপ্ত চার শিক্ষককে বিদায় সংবর্ধনা, নবনিযুক্ত শিক্ষকদের বরণ

নিজস্ব প্রতিবেদক | নোয়াখালী খবর এক্সপ্রেস

নোয়াখালীর সুবর্ণচরে অবসরজনিত কারণে বিদায় নেওয়া চার শিক্ষককে সংবর্ধনা এবং সদ্য নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের বরণ করা হয়েছে।

শনিবার (২১ নভেম্বর ২০২৬) সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুবর্ণচর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আকিব ওসমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোহাম্মদ আলী আক্কাস।

অবসরজনিত বিদায় সংবর্ধনা পাওয়া শিক্ষকরা হলেন—প্রাথমিক শিক্ষক সমিতি সুবর্ণচর শাখার সভাপতি মোঃ নুর আলম, সমিতির সাবেক কোষাধ্যক্ষ আনোয়ারুল হক, চরবাটা সওদাগর হাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোকেয়া বেগম এবং চর আক্রাম উদ্দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ নুরুল আলম।

অনুষ্ঠানে বিদায়ী শিক্ষকদের দীর্ঘদিনের শিক্ষকতা জীবনের অবদান ও শিক্ষা বিস্তারে তাঁদের ভূমিকার প্রতি সম্মান জানানো হয়। একই সঙ্গে সদ্য নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের ফুলেল শুভেচ্ছা ও সংবর্ধনার মাধ্যমে বরণ করে নেওয়া হয়।

এ সময় নবীন শিক্ষকদের সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের পাশাপাশি শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা প্রদানে ভূমিকা রাখার আহ্বান জানানো হয়।

অনুষ্ঠানের মাধ্যমে একদিকে দীর্ঘদিনের কর্মজীবন শেষে অবসরে যাওয়া শিক্ষকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়, অন্যদিকে নতুন শিক্ষকদের কর্মজীবনের পথচলাকে স্বাগত জানানো হয়।

নোয়াখালী খবর এক্সপ্রেস বিদায়ী শিক্ষকদের সুস্বাস্থ্য ও অবসরজীবনের শান্তি এবং নবনিযুক্ত শিক্ষকদের কর্মজীবনের সফলতা কামনা করছে।



দেশে হাম ও ডেঙ্গুতে এক দিনে পাঁচজনের মৃত্যু, হাসপাতালে ভর্তি ১ হাজার ৬৭৪

দেশে হাম ও ডেঙ্গু পরিস্থিতি নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে। গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে দুই শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মারা গেছেন আরও তিনজন।

শনিবার (২১ নভেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের প্রকাশিত তথ্যের বরাতে এ খবর জানা গেছে।

প্রতিবেদন অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে নতুন করে ৯২৫ শিশু আক্রান্ত হয়েছে।

অন্যদিকে, একই সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৬৭৪ জন। চলতি বছরে ডেঙ্গুতে মোট মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫১৬ জনে।

স্বাস্থ্য বিশেষজ্ঞরা ডেঙ্গু প্রতিরোধে বাড়ির আশপাশ পরিষ্কার রাখা, জমে থাকা পানি অপসারণ এবং মশার প্রজননস্থল ধ্বংস করার পরামর্শ দিয়েছেন।

শিশুদের জ্বর, শরীরে র‍্যাশ কিংবা অন্য কোনো উপসর্গ দেখা দিলে দ্রুত চিকিৎসকের পরামর্শ



ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির সব ছাত্রী পাবে উপবৃত্তি, ব্যাংক হিসাব খোলার নির্দেশ

নিজস্ব প্রতিবেদক | নোয়াখালী খবর এক্সপ্রেস

দেশের সাধারণ স্কুল, কলেজ ও মাদ্রাসায় ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সব ছাত্রীকে শতভাগ উপবৃত্তির আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ সিদ্ধান্ত বাস্তবায়নে শিক্ষার্থী ও অভিভাবকদের ব্যাংক হিসাব এবং মোবাইল ব্যাংকিং সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা জারি করেছে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

গত ১৮ নভেম্বর সমন্বিত উপবৃত্তি কর্মসূচির স্কিম পরিচালক মোহাম্মদ আসাদুল হক এ-সংক্রান্ত নির্দেশনা জারি করেন। পরিবার (২১ নভেম্বর) বিষয়টি নিয়ে বিস্তারিত তথ্য প্রকাশিত হয়।

শতভাগ উপবৃত্তির আওতায় আসবে ছাত্রীরা

নির্দেশনা অনুযায়ী, ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সব ছাত্রীকে সর্বজনীনভাবে উপবৃত্তির আওতায় আনা হবে। তবে ছাত্রদের ক্ষেত্রে আগের নিয়মেই উপবৃত্তি কার্যক্রম অব্যাহত থাকবে।

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী, উপবৃত্তির অর্থ সরাসরি শিক্ষার্থী বা নির্ধারিত অভিভাবকের কাছে পৌঁছে দিতে জিটুপি (গভর্নমেন্ট টু পারসন) পদ্ধতি অনুসরণ করা হবে।

যাদের নতুন করে ব্যাংক হিসাব খুলতে হবে

নির্দেশনায় বলা হয়েছে, যেসব ছাত্রীর নাম ইতোমধ্যে সমন্বিত উপবৃত্তি কর্মসূচির এইচএসপি-এমআইএস সফটওয়্যারে অন্তর্ভুক্ত রয়েছে অথবা যারা আগে থেকেই উপবৃত্তি পাচ্ছে, তাদের নতুন করে ব্যাংক হিসাব খোলার প্রয়োজন নেই।

তবে যেসব ছাত্রীর নাম এখনো কর্মসূচিতে অন্তর্ভুক্ত হয়নি এবং যারা উপবৃত্তি পাচ্ছে না, তাদের অথবা নির্ধারিত অভিভাবকের নামে প্রয়োজনীয় ব্যাংক হিসাব খুলতে হবে।

এ ক্ষেত্রে অনলাইন তফসিলি ব্যাংক, এজেন্ট ব্যাংকিং কিংবা মোবাইল ব্যাংকিং হিসাব ব্যবহার করা যাবে।

অভিভাবকের হিসাব ব্যবহারে যেসব নিয়ম

উপবৃত্তির অর্থ গ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থীর বাবা অথবা মাকে প্রধান অভিভাবক হিসেবে বিবেচনা করা হবে। বাবা-মায়ের কেউ জীবিত না থাকলে আপন ভাই-বোন, দাদা-দাদি কিংবা নানা-নানির মধ্য থেকে একজনকে অভিভাবক হিসেবে নির্ধারণ করা যাবে।

মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অর্থ গ্রহণের ক্ষেত্রে অভিভাবকের জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সিম এবং একই ব্যক্তির নামে মোবাইল ব্যাংকিং হিসাব থাকতে হবে।

অভিভাবক না থাকলে বিকল্প ব্যবস্থা

কোনো শিক্ষার্থীর বাবা-মা এবং নির্দেশনায় উল্লেখিত বিকল্প অভিভাবকদের কেউ জীবিত না থাকলে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান অন্য একজনকে অভিভাবক হিসেবে উল্লেখ করে প্রত্যয়নপত্র দিতে পারবেন।

এ ক্ষেত্রে শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানের দেওয়া প্রত্যয়নপত্র এইচএসপি-এমআইএস সফটওয়্যারে আপলোড করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীরা নিজেদের নামে তফসিলি ব্যাংকে জুল ব্যাংকিং হিসাব খুলে উপবৃত্তির অর্থ গ্রহণ করতে পারবে।

নতুন শিক্ষাপ্রতিষ্ঠান অন্তর্ভুক্তির সুযোগ

নির্দেশনায় নতুন শিক্ষাপ্রতিষ্ঠানকে সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় আনার বিষয়টিও উল্লেখ করা হয়েছে।

সাধারণ শিক্ষাপ্রতিষ্ঠান এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অনুমোদিত ও ব্যানবেইসের ইআইআইএন নম্বরধারী প্রতিষ্ঠানগুলো নির্ধারিত প্রক্রিয়ায় কর্মসূচিতে অন্তর্ভুক্তির আবেদন করতে পারবে।

এ জন্য সংশ্লিষ্ট উপজেলা বা থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে আবেদন পাঠাতে হবে।

শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ

সমন্বিত উপবৃত্তি কর্মসূচির এইচএসপি-এমআইএস সফটওয়্যারে প্রবেশের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মকর্তাদের 'Forgot Password' অপশন ব্যবহার করে নতুন পাসওয়ার্ড তৈরি এবং ইউজার অ্যাকাউন্ট সক্রিয় করার নির্দেশনা দেওয়া হয়েছে।

উপবৃত্তি-সংক্রান্ত কোনো সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট উপজেলা বা থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে সমাধানের জন্য যোগাযোগ করতে বলা হয়েছে।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিজ নিজ এলাকার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে বিষয়টি অবহিত করা এবং কার্যক্রম তদারকির নির্দেশ দিয়েছে।

সরকারের এ সিদ্ধান্ত বাস্তবায়িত হলে দেশের ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত ছাত্রীদের শিক্ষাসহায়তা কার্যক্রম আরও বিস্তৃত হবে বলে আশা করা হচ্ছে।



কৃষি গবেষণায় বিনিয়োগ ও বরাদ্দ বাড়াচ্ছে সরকার, গুরুত্ব পাচ্ছে প্রযুক্তিনির্ভর কৃষি

দেশে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন, কৃষিপণ্য রপ্তানি বৃদ্ধি এবং আধুনিক কৃষিপ্রযুক্তির বিকাশে গবেষণার বরাদ্দ বাড়ানোর উদ্যোগ নেওয়া হচ্ছে।

শনিবার (২১ নভেম্বর) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদস্য অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন এ কথা জানান।

তিনি বলেন, কৃষি বাংলাদেশের অর্থনীতি ও খাদ্যনিরাপত্তার অন্যতম প্রধান ভিত্তি। জনসংখ্যা বৃদ্ধি, জলবায়ু পরিবর্তন এবং বৈশ্বিক খাদ্য চাহিদার প্রেক্ষাপটে কৃষি উৎপাদন বাড়ানোর পাশাপাশি উৎপাদন ব্যবস্থাকে আধুনিক করা প্রয়োজন।

বিশ্বজুড়ে কৃষিতে কৃত্রিম বুদ্ধিমত্তা, ইন্টারনেট অব থিংস, সেন্সর প্রযুক্তি, ড্রোন, রোবটিকস এবং প্রিসিশন ফার্মিংয়ের ব্যবহার বাড়ছে।

বাংলাদেশেও এসব প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ করা গেলে কৃষির উৎপাদনশীলতা বাড়ানো সম্ভব।

তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয়গুলোতে পরিচালিত গবেষণার ফলাফল যেন মাঠপর্যায়ে কৃষকের কাজে লাগে এবং বাণিজ্যিকভাবে ব্যবহার করা যায়, সে বিষয়ে গুরুত্ব দিতে হবে।



চট্টগ্রামে মন্দিরে স্বর্ণের চেইন চুরি, দুই নারী গ্রেপ্তার

চট্টগ্রাম নগরীর চান্দগাঁও এলাকায় মন্দিরের ধর্মীয় অনুষ্ঠানে অংশ নেওয়ার ছদ্মবেশে স্বর্ণের চেইন চুরির অভিযোগে দুই নারীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

শনিবার (২১ নভেম্বর) পুলিশ জানায়, শুক্রবার নগরীর মধ্যম মোহরার ছাফা মোতালেব কলেজ রোডের শ্রীশ্রী রাধাগোবিন্দ ইসকন মন্দিরে অন্নকূট অনুষ্ঠানের সময় এ ঘটনা ঘটে।

অনুষ্ঠানে কয়েক হাজার মানুষের সমাগম হওয়ায় মন্দিরের প্রবেশপথে ব্যাপক ভিড় তৈরি হয়। এ সুযোগে দুই নারীর গলা থেকে স্বর্ণের চেইন চুরি হয়।

মন্দির কর্তৃপক্ষের অভিযোগের পর পুলিশ সিসিটিভি ফুটেজ পর্যালোচনা করে সন্দেহভাজন দুই নারীকে শনাক্ত করে। পরে তাঁদের কাছ থেকে চুরি হওয়া দুটি স্বর্ণের চেইন উদ্ধার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন আনোয়ারা বেগম (২৫) ও আছিয়া বেগম (২২)। তাঁদের বাড়ি ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর উপজেলায়।

এ ঘটনায় ভুক্তভোগীদের পক্ষ থেকে থানায় মামলা করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।



কেন্দ্রীয় চুক্তিতে ৩৮ ক্রিকেটারকে রাখল পাকিস্তান, বাদ পড়লেন রিজওয়ানসহ কয়েকজন

নতুন মেয়াদে ৩৮ জন পুরুষ ক্রিকেটারকে কেন্দ্রীয় চুক্তির আওতায় এনেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)।

শনিবার (২১ নভেম্বর) ঘোষিত এ চুক্তি আগামী বছরের ৩০ জুন পর্যন্ত কার্যকর থাকবে।

নতুন চুক্তিতে আগের প্রচলিত এ, বি, সি ও ডি গ্রেড পদ্ধতি থেকে সরে এসে পাঁচটি পৃথক বিভাগ চালু করেছে পিসিবি। খেলোয়াড়দের নির্দিষ্ট ফরম্যাটে পারফরম্যান্স ও অবদানের ভিত্তিতে চুক্তির শ্রেণি নির্ধারণ করা হয়েছে।

সর্বোচ্চ পর্যায়ের টেস্ট ও ওয়ানডে বিভাগে জায়গা পেয়েছেন বাবর আজম ও সালমান আলী আগা।

অন্যদিকে, পাকিস্তানের পরিচিত কয়েকজন ক্রিকেটার মোহাম্মদ রিজওয়ান, ইমাম-উল-হক, শান মাসুদ ও সাইম আইয়ুব এবার কেন্দ্রীয় চুক্তিতে জায়গা পাননি।

এ ছাড়া উদীয়মান ক্রিকেটারদের উৎসাহিত করতে ১৯ জনকে ডেভেলপমেন্ট ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করেছে বোর্ড।

নতুন কাঠামোর মাধ্যমে খেলোয়াড়দের ফরম্যাটভিত্তিক পারফরম্যান্সকে বেশি গুরুত্ব দিতে চায় পাকিস্তান ক্রিকেট বোর্ড।